

NYC ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড

নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) একটি দল নিরপেক্ষ, স্বতন্ত্র সিটি এজেন্সি যা নির্বাচনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকাকে আরো উন্নত করে। CFB-এর ব্রত হচ্ছে ভোটারদের অংশগ্রহণ ও সচেনতা বাড়ানো, ক্যাম্পেইনের অর্থ ব্যবহারের তথ্য জনগনকে প্রদান করা, অধিক নাগরিকদের প্রার্থী হতে সক্ষম করা, ক্ষুদ্র সহায়তা প্রদানকারীদের ভূমিকা জোরালো করা, এবং প্রকৃত বা কল্পিত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

CFB-এর NYC ভোটস ক্যাম্পেইন কমিউনিটির সহযোগিতায় এবং সরকারী ও বেসরকারী সংস্থার সঙ্গে অংশীদারের মাধ্যমে ভোটার নিবন্ধন, ভোট প্রদান এবং সামাজিক অংশগ্রহনে সহায়তা করে। সম্ভাব্য ভোটারদের জন্য প্রোগ্রাম ও ইভেন্টস সম্বন্ধে জানার জন্য ফোন করুন 212-409-1800 নম্বরে।

CFB ক্যাম্পেইন ফিন্যান্স অ্যাক্ট, প্রয়োগ করে স্থানীয় পদের প্রার্থীদের নির্বাচনী প্রচারণায় আর্থিক সহায়তার সীমারেখা ও বিধি নিষেধ আরোপ করে। প্রার্থীদের জানাতে হয় যে, ঠিক কোথা থেকে তাদের আর্থিক সাহায্য এসেছে এবং সেই অর্থ কি ভাবে খরচ করা হয়েছে।

প্রার্থীদের "আর্থিক লেনদেন সংক্রান্ত" নিষেধাজ্ঞাও মেনে চলতে হয় যা স্থানীয় সরকারের "অর্থের বিনিময়ে সুবিধা আদায়ের" ধারণা কমাতে সাহায্য করে। CFB স্থানীয় নির্বাচনে স্বতন্ত্র খরচ সম্বন্ধেও তথ্য সংগ্রহ ও প্রকাশ করে। CFB-এর ওয়েবসাইটে এই তথ্যাদি জনগনকে জানানো হয়।

প্রার্থীরা স্বেচ্ছায় ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে যোগ দিতে পারেন, যা যোগ্য প্রার্থীদেরকে যারা খরচের সীমারেখা কঠোরভাবে মেনে চলার অঙ্গীকারবদ্ধ তাদেরকে পাবলিক ম্যাচিং ফান্ডস সরবরাহ করে। পাবলিক ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম জনগনের সমর্থনপ্রাপ্ত প্রার্থীদের বৃহৎ চাদা বা ব্যক্তিগত অনুদানের উপর নির্ভর করতে বাধ্য না করে জনগনের পর্যাপ্ত সাহায্যে প্রতিযোগিতামূলক ক্যাম্পেইন পরিচালনা করতে সাহায্য করে।

আপনি যদি সিটি অফিসের কোন পদের জন্য প্রার্থী হতে আগ্রহী হন, বা CFB কিভাবে নিউ ইয়র্কের NYC নির্বাচনকে আরো বেশি উন্মুক্ত ও গণতান্ত্রিক হতে সাহায্য করে থাকে, তা জানতে চান তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন – 100 Church St., 12th Floor, New York, NY 10007 আমাদেরকে ইমেইল ও করতে পারেন এই ঠিকানায় info@nyccfb.info.